

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০১০

৫/ হাজ (হজ/হজ) (এলানা নাম)

পরিচ্ছেদঃ ৮৮. মুহাস্সাব উপত্যকায় অবতরণ সম্পর্কে

بَابُ التَّحْصِيبِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلِ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَلِي بْنِ حُسَيْنٍ، عَنْ عَمْرِو بْنِ عُتْمَانَ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، أَيْنَ تَنْزِلُ غَدًا؟ فِي حَجَّتِهِ، قَالَ، هَلْ تَرَكَ لَنَا عَقِيْلٌ مَنْزِلًا، ثُمَّ قَالَ: نَحْنُ نَازِلُونَ بِخَيْفِ بَنِي كِنَانَةَ حَلْنَةَ حَيْثُ قَاسَمَتْ قُرَيْشٌ عَلَى الْكُفْرِ لَي يَعْنِي الْمُحَصَّبَ لَا، وَذَلِكَ أَنْ بَنِي كِنَانَةَ حَالَفَتْ قُرَيْشًا عَلَى بَنِي هَاشِمٍ أَنْ لَا يُنَاكِحُوهُمْ، وَلَا يُبَايِعُوهُمْ، وَلَا يُؤُووهُمْ. قَالَ الزُّهْرِيُّ: وَالْخَيْفُ: الْوَادِي

صحيح

বাংলা

২০১০। উসামাহ ইবনু যায়িদ (রাযি.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি বিদায় হজের (হজ্জের) সময় জিজ্ঞেস করি, হে আল্লাহর রাসূল! আপনি আগামীকাল সকালে কোথায় অবতরণ করবেন? তিনি বললেনঃ 'আক্লীল কি আমাদের জন্য কোনো বাড়ী রেখেছে? এরপর বললেনঃ আগামী কাল আমরা বনী কিনানার খাইফে (মুহাস্সাবে) অবতরণ করবো, যেখানে কুরাইশরা কুফরীর শপথ করেছিল। অর্থাৎ বনী কিনানার লোকেরা কুরাইশদের সাথে এই মর্মে শপথ করেছিল যে, বনী হাশিমের সাথে তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হবে না, তাদেরকে কোনো ধরণের আশ্রয় দিবে না এবং তাদের সাথে ক্রয়-বিক্রয় করবে না। ইমাম যুহরী (রহ.) বলেন, 'খায়ফ' শব্দের অর্থ উপত্যকা।[1]

সহীহ।

English



Usamah bin Zaid said I asked Apostle of Allaah() where will you encamp tomorrow? (This is asked on the occasion of his Hajj). He replied "Did 'Aqil leave any house for us?" He again said "We shall encamp in the valley (Khaif) of Banu Kinanah where the Quraish took an oath upon disbelief, that is, Al Muhassab." The oath was that Banu Kinanah concluded a pact with the Quraish against Banu Hashim "they would have no marital relationship with them, nor would give them accommodation nor would have any commercial ties with them."

Al Zuhri said Al Khaif means valley.

ফুটনোট

[1]. বুখারী ı

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন